ঃ মোঃ জিয়াউর রহমান
স সিসিডি এফসিপিএস (সার্জারী)
ল্যাপারোস্কোপিক ভাস্কুলার ও ডায়াবেটিক ফুট সার্জন
অধ্যাপক, সার্জারী বিভাগ
মেডিকেল কলেজ, সিলেট
ন্ট সার্জন, সিলেট ডায়াবেটিক হাসপাতাল
রেজি. নংঃ এ ৪০৮৮২
সার্জারী বিশেষজ্ঞ
সিরিয়ালের জন্য:
০১৭৩৩-১৪৭৪৬৭
ওয়েসিস হসপিটাল
যেখানে সুস্থতা আসে হৃদয়ের গভীর থেকে

নতুন শতাব্দীর দৈনিক
শ্যামল সিলেট
Shyamal Sylhet
www.shyamalsylhet.net
www.eshya

Workshop
on
Building a Disability-Inclusive Workplace

সিলেটে কর্মশালায় বক্তব্য রাখেন সিলেট চেম্বারের সভাপতি (ভারপ্রাপ্ত) ফয়েজ হাসান ফেরদৌস।

অবৈধভাবে মাটি কাটার ছবি তোলায় সাংবাদিকের উপর হামলা

বড়লেখা প্রতিনিধি

বড়লেখায় অবৈধভাবে ফসলি জমির মাটি কাটা ও ট্রাকে পরিবহনের ছবি তোলায় সাংবাদিক রুয়েল কামালকে আটক করে মারধর, মোবাইল ফোন ও পকেটে থাকা টাকা ছিনিয়ে নিয়েছে মাটিখেকো চক্র। সন্ত্রাসী হামলায় গুরুতর আহত সাংবাদিক রুয়েল কামাল দৈনিক আমার সংবাদ ও বাংলা টিভির বড়লেখা উপজেলা প্রতিনিধি। ঘটনাটি ঘটেছে বুধবার বিকেলে উপজেলার সফরপুর গ্রামের সওজ মেইন সড়ক সংলগ্ন স্থানে। হামলায় মাসুম আহমদ নামে আরেক সাংবাদিক আহত হয়েছেন। রাতেই আহত সাংবাদিক হামলাকারি সায়রুল ইসলামকে প্রধান ও ৫/৬ জনকে অজ্ঞাত আসামী করে থানায় মামলা করেছেন। (৩-এর পাতায় দেখুন)

পাওনা টাকা চাইতে গিয়ে হামলা ও হুমকীর শিকার ব্যবসায়ীরা

কর্মশালায় চেম্বার সভাপতি

প্রতিবন্ধীদের উপযুক্ত কর্মসংস্থানের আহ্বান

শ্যামল সিলেট ডেস্ক

বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) এর উদ্যোগে ও সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সহযোগিতায় কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তি ও সুষ্ঠু কর্মসংস্থান নিশ্চিতকরণ বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র কনফারেন্স হলে বৃহস্পতিবার সকাল সাড়ে ১০টায় উক্ত সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়। বিবিডিএন ডিরেক্টর অপারেশন আজিজা আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি দি সিলেট চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র সভাপতি (ভারপ্রাপ্ত) ফয়েজ হাসান ফেরদৌস বলেন, প্রতিবন্ধীদের সক্ষমতাকে কাজে লাগিয়ে তাদের জন্য উপযুক্ত কর্মসংস্থানের আহ্বান জানাচ্ছি। প্রশিক্ষণের মাধ্যমে প্রতিবন্ধীদের দক্ষতাকে কাজে লাগিয়ে উপযুক্ত কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে হবে। পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিদের দায়িত্ব নেয়া আমাদের সামাজিক দায়িত্ব।

তিনি আরও বলেন, সিলেট চেম্বার ইতোপূর্বে প্রতিবন্ধীদের নিয়ে অনেক কার্যক্রম পরিচালনা করেছে। যার মধ্যে প্রতিবন্ধীদের চাকুরীমেলা অন্যতম। আশাকরি, এই সচেতনতামূলক কর্মশালার উদ্যোগগুলো ভবিষ্যতে আরও প্রসার লাভ করবে।

কর্মশালায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সিলেট উইমেন চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি'র ভারপ্রাপ্ত সভাপতি লুবানা ইয়াসমিন শম্পা, ফুলকলি ফুড প্রোডাক্ট এর ডিজিএম মো. জসিম উদ্দিন। উপস্থিত ছিলেন ওইমেন্স চেম্বার পরিচালক সালসাবিলা মাহবুব কান্তা, সিপিবিসিপিও এক্সিকিউটিভ ডিরেক্টর কাজী মহসিন কবির, ফুলকলি ফুড প্রোডাক্ট এর ম্যানেজার (কাস্টমস এন্ড ভ্যাট) মো. তাসলিম উদ্দিন চৌধুরী।

সভাপতির বক্তব্যে বিবিডিএন ডিরেক্টর অপারেশন আজিজা আহমেদ বলেন, বিবিডিএন দেশের বিভিন্ন জেলায় (৩-এর পাতায় দেখুন)

প্রতিবন্ধীদের উপযুক্ত কর্মসংস্থানের আহ্বান

(শেষ পাতার পর)

প্রতিবন্ধী ব্যক্তিদের কল্যাণে কাজ করে যাচ্ছে। এতে করে সমাজে পিছিয়ে পড়া প্রতিবন্ধী ব্যক্তিগণ দেশের জন্য বোঝা না হয়ে সম্পদ রূপান্তরিত হচ্ছে। তাদেরকে সহযোগিতা করলে নিশ্চয়ই তারা সাবলম্বী হয়ে দেশ ও জাতির কল্যাণে কাজ করতে পারবে।

তিনি আরও বলেন, প্রতিবন্ধী ব্যক্তিরা সমাজকে কিছু দিতে প্রস্তুত কিন্তু সমাজ এখনো প্রস্তুত না। তাদের জন্য সমাজটাকে প্রস্তুত করার দায়িত্ব নিতে হবে আমাদের। দেশের অনেক বড় বড় কোম্পানির সাথে বিবিডিএন প্রতিবন্ধীদের নিয়ে কাজ করছে। আশাকরি, আগামীতে কর্মক্ষেত্রে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য আরও ভালো পরিবেশ তৈরি হবে।

বক্তারা প্রতিবন্ধী ব্যক্তিদের কর্মক্ষেত্রে অনতর্ভুক্ত করতে বিভিন্ন দিক তুলে ধরেন। প্রতিবন্ধী বলতে সমাজ বোঝা বা অক্ষম বুঝে এবং অবজ্ঞা করে। সমাজ ও রাষ্ট্রকে সেদিকে নজর দিতে হবে। প্রতিবন্ধী ব্যক্তিদেরকে যথাযথ প্রশিক্ষণের মাধ্যমে সম্পদে পরিণত করতে সরকারের নিকট দাবি জানান বক্তারা। এছাড়াও, শ্রোতাদের সাথে আলোচনার মাধ্যমে ফুটে উঠে সমাজে প্রতিবন্ধী ব্যক্তিদের প্রতি অসহযোগীতা সহ নানান বিষয়াদি। বিশেষ করে তাদের প্রতি মানুষের দৃষ্টিকোণ পরিবর্তন করতে আহবান জানান। কর্মশালা শেষে আয়োজকরা প্রতিবন্ধীদের কর্মজীবনে অন্তর্ভুক্তি নিশ্চিত করতে সমন্বিতভাবে কাজ করার অঙ্গীকার ব্যক্ত করেন।

এছাড়াও কর্মশালায় আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ বিজনেস এন্ড ডিসএবিলিটি নেটওয়ার্ক (বিবিডিএন) এর সিনিয়র প্রোগ্রাম অফিসার রুবাইয়া সুলতানা, কমিউনিকেশন এন্ড এডমিন অফিসার নাঈম মোল্লা, সিলেট চেম্বার সচিব গোলাম আক্তার ফারুক, উপ-সচিব সানু উদ্দিন রুবেল এবং সভা সঞ্চালনা করেন সিলেট চেম্বারের সিনিয়র এক্সিকিউটিভ অফিসার মিনতি দেবী, এসময় বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানের প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।